61

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 JUN 1996 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ......

# ১৩ জন ছাত্রের জন্য ১৩ জন শিক্ষক!

নেত্রকোনা সংবাদদাতা ॥ পূর্বধলা থানার নারান্দিয়া দাখিল মাদ্রাসায় বর্তমানে শিক্ষক ও ছাত্রের সংখ্যা সমপর্যায়ে আসিয়া ঠেকিয়াছে। এই শিক্ষা প্রতিষ্ঠানে মাত্র ১৩ জন ছাত্র থাকিলেও ১৩ জন শিক্ষক রহিয়াছেন। এই মাদ্রাসা সুপারের বিরুদ্ধে অযোগ্যতা, অর্থ আত্মসাৎসহ নানা ধরনের অভিযোগ পাওয়া যায়। পরিচালনা কমিটি থাকিলেও সুপারই নাকি সর্বময় কর্মকর্তা। ঐ কমিটিকে সুপারের কথামত চলিতে হয়। শিক্ষকদেরও একই অবস্থা। মাদ্রাসা অফিসগৃহ ঝড়ে বিধ্বস্ত হওয়ায় টিনসহ বিভিন্ন মালামাল সুপার সাহেব নাকি আত্মসাৎ করেন। সুপারের অবাধ্য হইলে শিক্ষকদের চাকুরী থাকে না বলিয়া অভিযোগ পাওয়া যায়। একই কারণে ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাইয়া ১৩ জনে নামিয়া আসে। শিক্ষক ১৩ জনই বহাল রহিয়াছেন। গত দাখিল পরীক্ষায় এই মাদ্রাসার একজন পরীক্ষার্থীও উত্তীর্ণ হইতে পারে নাই। শিক্ষা বিভাগের এক কর্মকর্তার আকস্মিক পরিদর্শনে ১৩ জন শিক্ষক ও ১৩ জন ছাত্রের উপস্থিতি ধরা পড়ে।